Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 30 May, 2025

ময়মনসিংহে ঝড়-বৃষ্টিতে ট্রেন চলাচলে বিঘ্ন ঘটেছে। জেলার সদর উপজেলার বেগুনবাড়ি এলাকায় ঝড়ে গাছ উপরে রেললাইনে। রেললাইনে পড়া গাছের সাথে ধাক্কা লেগে ইঞ্জিন লাইনচ্যুত হয়। একই উপজেলার শম্ভুগঞ্জ এলাকায় নাসিরাবাদ এক্সপ্রেস ট্রেনের বগি লাইনচ্যুত হয়।এতে ট্রেনের শত শত যাত্রী চরম ভোগান্তিতে পড়েন।

শুক্রবার (৩০ মে) সকাল সাড়ে দশটার দিকে নগরীর শম্ভুগঞ্জ স্টেশন এলাকায় চট্টগ্রাম থেকে ছেড়ে আসা ময়মনসিংহগামী নাসিরাবাদ এক্সপ্রেস ট্রেনের একটি বগি লাইনচ্যুত হয়। এই ঘটনায় স্টেশনের এক নম্বর লাইন ব্লক করে দুই নম্বর লাইন দিয়ে ময়মনসিংহ-চট্টগ্রাম ও ময়মনসিংহ-জারিয়া ট্রেন চলাচল স্বাভাবিক করা হয়।

এর আগে বৃহস্পতিবার (২৯ মে) রাত আনুমানিক সাড়ে ১০টার দিকে সদরের বেগুনবাড়ি স্টেশনের কাছে ঝড়ো বাতাসে রেললাইনে একটি গাছ উপড়ে পড়ে।গাছটির সঙ্গে ধাক্কা খেয়ে লাইনচ্যুত হয় ঢাকা থেকে ছেড়ে আসা জামালপুরগামী যমুনা এক্সপ্রেস ট্রেন।এ ঘটনার পর ময়মনসিংহ-জামালপুর রুটে রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়।এতে ভোগান্তিতে পড়েন ট্রেনের শত শত যাত্রী।এর প্রায় ৮ ঘন্টাপর যমুনা এক্সপ্রেস ট্রেন জামালপুরের উদ্দেশ্যে ছেড়ে যায়।

ময়মনসিংহ রেলওয়ে স্টেশন মাস্টার নাজমুল হক খান বলেন, শম্ভুগঞ্জ রেল স্টেশন এলাকায় নাসিরাবাদ এক্সপ্রেস ট্রেনের লাইনচ্যুত হওয়া বগি রেখে অন্য বগি নিয়ে ট্রেনটি ময়মনসিংহ এসে পৌছায়।লাইনচ্যুত হওয়া বগি উদ্ধারে জন্য রিলিফ ট্রেন রওনা দিয়েছে।তবে, বিকল্প ব্যবস্থায় ময়মনসিংহ-চট্টগ্রাম ও ময়মনসিংহ-জারিয়া ট্রেন চলাচল স্বাভাবিক রাখা হয়েছে।

তিনি আরও বলেন, সদরের বেগুনবাড়ি স্টেশনের কাছে ঝড়ো বাতাসে রেললাইনে একটি গাছ উপড়ে পড়ে।গাছের সঙ্গে ধাক্কা খেয়ে লাইনচ্যুত হয় ঢাকা থেকে ছেড়ে আসা জামালপুরগামী যমুনা এক্সপ্রেস ট্রেন।পরে ৮ ঘন্টার চেষ্টায় রেললাইন গাছ সরিয়ে জামাল-ময়মনসিংহ ট্রেন চলাচল স্বাভাবিক করা হয়।

ট্রেন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:44

URL: https://timestodaybd.com/public/mymensingh/3162885546